

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৭০০.০১৭.২৭.০০১.১৬. ২০২০

তারিখ : ০৭ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।
২১ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মনিরুল ইসলাম কর্তৃক আত্মহত্যায় প্ররোচনা দেয়া সংক্রান্ত ফৌজদারী মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীণ রয়েছেন;

যেহেতু, তাঁর এরূপ কর্মকান্ড স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী ক্ষমতার অপব্যবহারের দোষে দোষী সাব্যস্ত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, কলারোয়া উপজেলার সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মনিরুল ইসলামকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৭০০.০১৭.২৭.০০১.১৬. ২০২০

তারিখ : ০৭ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।
২১ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ মনিরুল ইসলাম, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), সোনাবাড়িয়া ইউনিয়ন পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব